

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ
(NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা), ৩৭/৩/এ,
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd

নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১০.১৪.০০০১.২০.৯৬৮

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
০৩ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: জনাব সাজেদা বেগম এর শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র বাতিলকরণ প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৮ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১২ এর 30103054 রোল নম্বরধারী জনাব Sajeda Begum, পিতা: Shafekul Islam, মাতা: Khudeza Begum জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, বাংলাদেশ এর ব্যবস্থাপনায় গৃহীত ১৯৯৯ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে স্নাতক ডিগ্রি লাভ করেন এবং উক্ত শিক্ষাগত যোগ্যতার সনদ ব্যবহার করে ৮ম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় Assistant Teacher, Bengali পদে অংশগ্রহণ করে নিবন্ধন প্রত্যয়নপত্র লাভ করেন।

০২। ৮ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১২ এর প্রকাশিত বিজ্ঞপ্তিতে Assistant Teacher, Bengali পদে নিবন্ধন পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা ছিল নিম্নরূপ:

শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ	পদের নাম	বিষয়	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)
(১)	(২)	(৩)	(৪)
নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ মাদরাসা	সহকারী শিক্ষক (বাংলা)	বাংলা	১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক ডিগ্রি এবং বিএড। অথবা; ২. স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক। (উভয়ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে)

০৩। জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, বাংলাদেশ হতে অর্জিত জনাব সাজেদা বেগম এর ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা ১৯৯৯ এর নম্বর পত্র পর্যালোচনায় দেখা যায় যে, জনাব সাজেদা বেগম স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের বাংলা বিষয় পাঠ করেননি। অর্থাৎ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর ব্যবস্থাপনায় ২০১২ সালে গৃহীত ৮ম শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি মোতাবেক সহকারী শিক্ষক (বাংলা) পদের জন্য প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) জনাব সাজেদা বেগম এর ছিল না।

০৪। জনাব সাজেদা বেগম ২০১২ সালে গৃহীত ৮ম শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তিতে প্রকাশিত কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকা সত্ত্বেও ভুল তথ্য প্রদান/তথ্য গোপন করে Assistant Teacher, Bengali পদের জন্য আবেদন করে ৮ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১২ এ অংশগ্রহণ করেন এবং উক্ত নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ হয়ে প্রত্যয়নপত্র লাভ করেন।

০৫। ভুল তথ্য প্রদান/তথ্য গোপন করে জনাব সাজেদা বেগম এর সহকারী শিক্ষক (বাংলা) পদের শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র অর্জনের অভিযোগ “বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ (সংশোধিত)” এর ১২(২) বিধি অনুযায়ী তদন্ত করা হয় এবং তদন্তে অভিযোগের সত্যতা পাওয়া যায়।

০৬। এমতাবস্থায়, “বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ (সংশোধিত)” এর ১২(২) বিধি অনুযায়ী ৮ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১২ এর 30103054 রোল নম্বরধারী জনাব Sajeda Begum, পিতা: Shafekul Islam, মাতা: Khudeza Begum এর Assistant Teacher, Bengali পদের শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্রটি যার রেজি. নম্বর 2012810066 এবং সিরিয়াল নম্বর 10148612 নির্দেশক্রমে বাতিল করা হলো।

০৭। উক্ত বাতিলকৃত নিবন্ধন প্রত্যয়নপত্রটি কোথাও ব্যবহার করা হলে তা ফৌজদারী অপরাধ বলে গণ্য হবে।

০৩-০৯-২০২৫

আবদুর রহমান

পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)

০২-৪১০৩০১২৪

director_exam@ntrca.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা ভবন, ঢাকা-১০০০।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, গুলশান-১, ঢাকা-১২১২।
- ৪। সদস্য (যুগ্মসচিব), পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন, এনটিআরসিএ, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিস, চট্টগ্রাম।
- ৬। প্রধান শিক্ষক, জোয়ারিয়ানালা হাজী মোহাম্মদ সাঁচি উচ্চ বিদ্যালয়, রামু, চট্টগ্রাম।
- ৭। জনাব সাজেদা বেগম, সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান), জোয়ারিয়ানালা হাজী মোহাম্মদ সাঁচি উচ্চ বিদ্যালয়, রামু, চট্টগ্রাম।
- ৮। সহকারী প্রোগ্রামার, এনটিআরসিএ, ঢাকা (পত্রটি এনটিআরসিএ-এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ৯। পি.এ টু চেয়ারম্যান, এনটিআরসিএ, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

